

।।কোভিড টীকা প্রদান সংক্রান্ত  
করিমপুর পান্নাদেবী কলেজের সকল ছাত্রছাত্রীদের  
ও সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গের জন্য  
বিশেষ বিজ্ঞপ্তি।। তাং - ২৮।০৯।২০২১

এতদ্বারা করিমপুর পান্নাদেবী কলেজের সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার উন্নয়ন দপ্তরের উদ্যোগে কলেজের সমস্ত ছাত্রছাত্রীকে বিনামূল্যে কোভিডের টীকা দেবার পরিষেবা দেওয়া হবে করিমপুর পান্নাদেবী কলেজে আগামী ১-লা অক্টোবর, ২০২১ থেকে। সব ছাত্রছাত্রীকে একসাথে এই টীকা দেওয়া সম্ভব নয়, তাই ভাগে ভাগে দেওয়া হবে। কোন ছাত্র বা ছাত্রীকে কবে এবং কখন টীকা দেওয়া হবে তার একটি এস-এম-এস তার কলেজে নথিভুক্ত মোবাইল নম্বরে পাঠিয়ে দেওয়া হবে আর সেইমতো সে ছাত্র বা ছাত্রীকে কলেজে আসতে হবে। এস-এম-এস যাবার আগেই সকল ছাত্রছাত্রীকে বলা হচ্ছে যে তারা যেন অতিশীঘ্র তাদের মোবাইল ফোনে ‘আরোগ্য সেতু’ অ্যাপটি খুলে সেখানে তাদের নাম ইত্যাদি নথিভুক্ত করিয়ে রাখে।

টিকা নিতে আসার সময় এই জিনিষগুলি যেন তারা অতি অবশ্যই নিজের সাথে করে নিয়ে আসে:

● যারা এই বছর নতুন অ্যাডমিসন নিয়েছে, অর্থাৎ নতুন ভর্তি হয়েছে তারা যেন অবশ্যই তাদের রেজিস্টার্ড মোবাইল ফোন, আধার কার্ড এবং কলেজে ভর্তির রসিদ সঙ্গে করে নিয়ে আসে।

● যারা পুরাতন ছাত্রছাত্রী তারা তাদের রেজিস্টার্ড মোবাইল ফোন, আধার কার্ড এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন সার্টিফিকেট অবশ্যই সঙ্গে করে নিয়ে আসবে।

পশ্চিমবঙ্গ সরকার ও করিমপুর পান্নাদেবী কলেজের যৌথ উদ্যোগে কোভিড অতিমারীকে প্রতিহত করার এই মহৎ প্রচেষ্টাকে সফল করার উদ্দেশ্যে কলেজের সকল ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের সক্রিয় সহযোগিতা প্রার্থনীয়। ধন্যবাদান্তে -

ভারপ্রাপ্ত অধ্যক্ষ,  
করিমপুর পান্নাদেবী কলেজ,  
নদীয়া, পশ্চিমবঙ্গ।।

বিশেষ ঘোষণা: যে সব ছাত্রছাত্রীদের আধার কার্ড অনুযায়ী এখনো পর্যন্ত আঠারো বছর বয়স হয়নি, তারা এই কোভিড টীকা পাওয়ার সুবিধা পাবে না।।